# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

স্বগৃহে প্রবেশকালেও সালাম দেওয়া

স্বগৃহে প্রবেশকালেও সালাম দেওয়া মুস্তাহাব। যেহেতু মহান আল্লাহ বলেন,

فَإِذَا دَخَلْتُمْ بُيُوتًا فَسَلِّمُوا عَلَى أَنْفُسِكُمْ تَحِيَّةً مِنْ عِنْدِ اللَّهِ مُبَارَكَةً طَيِّبَةً

অর্থাৎ, সুতরাং তোমরা যখন গৃহে প্রবেশ করবে, তখন তোমরা তোমাদের (নিজেদের) স্বজনদের প্রতি সালাম করবে অভিবাদন স্বরূপ যা আল্লাহর নিকট হতে কল্যাণময় ও পবিত্র। (সূরা নূর-২৪:৬১)

ঘরে কেউ থাকলে তো বটেই, কেউ না থাকলেও সালাম দেওয়া মুস্তাহাব। আর সেই সময় বলতে হবে, ‘আস্-সালামু আলাইনা অআলা ইবাদিল্লাহিস স্বালিহীন।’[1]

বাড়িতে স্ত্রী-পরিজনকে সালাম দিয়ে প্রবেশ করায় আপোসে প্রেম-প্রীতি-স্নেহ বৃদ্ধি পায়। তাছাড়া এর ফলে আল্লাহর যামানত লাভ হয়। মহানবী (ﷺ) বলেন,

ثَلَاثَةٌ كُلُّهُمْ ضَامِنٌ عَلَى اللَّهِ عَزَّ وَجَلَّ: رَجُلٌ خَرَجَ غَازِيًا فِي سَبِيلِ اللَّهِ، فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ حَتَّى يَتَوَفَّاهُ فَيُدْخِلَهُ الْجَنَّةَ، أَوْ يَرُدَّهُ بِمَا نَالَ مِنْ أَجْرٍ وَغَنِيمَةٍ، وَرَجُلٌ رَاحَ إِلَى الْمَسْجِدِ، فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ حَتَّى يَتَوَفَّاهُ فَيُدْخِلَهُ الْجَنَّةَ، أَوْ يَرُدَّهُ بِمَا نَالَ مِنْ أَجْرٍ وَغَنِيمَةٍ، وَرَجُلٌ دَخَلَ بَيْتَهُ بِسَلَامٍ فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ عَزَّ وَجَلَّ

“তিন ব্যক্তি আল্লাহর যামানতে; (১) যে ব্যক্তি জিহাদে বের হয়ে শহীদ হয়ে যায় অথবা সওয়াব ও গনীমতের মাল সহ বাড়ি ফিরে আসে। (২) যে ব্যক্তি মসজিদে বের হয়ে মারা যায় অথবা সওয়াব সহ ঘরে ফিরে আসে। আর (৩) যে ব্যক্তি সালাম দিয়ে বাড়ি প্রবেশ করে।”[2]

## ফুটনোট

[1]. বুখারীর আল-আদাবুল মুফরাদ ১০৫৫, ফাতহুল বারী ১১/২২

[2]. আবূ দাঊদ হা/২৪৯৪, ইবনে হিববান, সহীহুল জা’মে হা/৩০৫৩, মিশকাত হাদীস একাডেমী হা/৭২৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=7989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন